

Times Today BD

তাহমিদ হাসান রাব্বি | ক্যাম্পাস | 09 May, 2025

গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ২০২৫-এর 'এ' ইউনিটের পরীক্ষার মাধ্যমে আজ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রে পরীক্ষার কার্যক্রম শেষ হয়েছে। আজকের পরীক্ষায় এই বিশ্ববিদ্যালয় কেন্দ্রে মোট পরীক্ষার্থী ছিল ৮৪৪৯ জন। আজ পরীক্ষা কেন্দ্রে উপস্থিতির হার ছিল প্রায় ৯৫ শতাংশ। মোট ৪টি ভবনে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

শুক্রবার (৯ই মে) পরীক্ষা হল পরিদর্শনের পর সাংবাদিকদের সাথে কথা বলেন বিশ্ববিদ্যালয় উপাচার্য ড. জাহাঙ্গীর আলম। এ সময় তিনি জানান, বিগত তিনটি ইউনিটের মতোই 'এ' ইউনিটের পরীক্ষাও শান্তিপূর্ণ পরিবেশে এবং কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা ছাড়াই অনুষ্ঠিত হয়েছে।

পরীক্ষা পরিচালনা এবং পরীক্ষার্থীদের সহায়তায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পাশাপাশি স্বেচ্ছাসেবী ও শিক্ষার্থীবান্ধব বিভিন্ন সংগঠন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

পরীক্ষার্থীদের দিকনির্দেশনা দেওয়াসহ, সঠিকভাবে কেন্দ্রে পৌঁছানো, বিভিন্ন সহযোগিতা প্রদান করেছে ছাত্র সংগঠন, জেলা সমিত, বিভিন্ন বিভাগ, ও রাজনৈতিক ছাত্র সংগঠনগুলোর কার্যক্রম ছিল চোখে পরার মত।

পরীক্ষা শেষে ময়মনসিংহের শারমিন আক্তার বলেন, “পরীক্ষার পরিবেশ খুব ভালো ছিল। কোথাও কোনো বিশৃঙ্খলা দেখিনি। স্বেচ্ছাসেবক ভাই-বোনেরা আর পরীক্ষার হলে শিক্ষকরা খুব সাহায্য করেছেন। আমি খুব সহজেই আমার কেন্দ্র খুঁজে পেয়েছি। এবারেন প্রশ্নটাও কিছু সহজ

ছিল, সব মিলিয়ে পরীক্ষা ভালো হয়েছে ”

টঙ্গাইল থেকে অভিভাবক মো. নাসির উদ্দিন, বলেন, “বিশ্ববিদ্যালয়ে আসার সময় কোনো ধরণের হয়রানির শিকার হইনি। খুব সুন্দর পরিবেশ , নিরাপত্তা ও সেবাদান নিয়ে আমি সন্তুষ্ট। বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং সেচ্ছাসেবকরা খুব আন্তরিক ছিল। এই গরমে আমাদের জন্য ভালো বসার ব্যবস্থা করা হয়েছে, পানির ব্যবস্থা করা হয়েছে।”

গুচ্ছ ভর্তি পরীক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:19

URL: <https://www.timestodaybd.com/campus/8903822201>